

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৭১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

বিষয়: আদালতের রায়ের প্রেক্ষিতে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) জনের বকেয়া বেতন ভাতা সরকারি অংশ প্রদান।

সূত্র: ৩৭.০০.০০০০.০৭৪.০২৮.০০১(বকেয়া)২০১২.২৭১ তারিখ- ০৭/০৭/২০১৫ তারিখ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহকুতপুর খানপুর ডিগ্রী কলেজ, মোহনপুর, রাজশাহী যথাযথভাবে নিয়োগ প্রাপ্ত হয়ে উক্ত কলেজে (১) মোঃ আতাউর রহমান, (২) মোঃ নজরুল ইসলাম শাহ ০৩/০৯/২০০২ ইং এবং (৩) মুহাঃ মাসুদুর রহমান ২৭/০৬/২০০৪ ইং তারিখে যোগদান করেন। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যাদিসহ এমপিও ভুক্তির জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়। কিন্তু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক এমপিও ভুক্ত না করায় মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৯৩৪৭/২০১০ দায়ের করে। মহামান্য আদালত উক্ত মামলাটি উভয় পক্ষের শুনানি গ্রহণ করে ১৩/০৩/২০১১ ইং তারিখের ঘোষিত রায়ের পিটিশনারগণকে কলেজে নিয়োগ/যোগদানের তারিখ থেকে এমপিও ভুক্ত করার জন্য সরকার পক্ষকে আদেশ দেয়া হয়। আদেশ নিম্নরূপ:

**In the result, the Rule is made absolute. Respondent nos. 1-2 are hereby directed to enlist the name of the petitioners in the list of MPO from the date of their appointment provided they fulfill the requirements “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা” published on 4.2.2010 within a period of 90 days from the date of receipt of the copy of the judgment and order.**

পরবর্তীতে সরকার পক্ষ ৯৩৪৭/২০১০ নং রিট পিটিশনের রায়ের বিরুদ্ধে ২৯৩৩/২০১২ নং আপীল করলে, মহামান্য হাইকোর্টের আপীল বিভাগ ৩১/০৩/২০১৬ ইং তারিখে উহা খারিজ করে দেন। রায় নিম্নরূপ:

**The leave petition is out of time by 628 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.**

**Accordingly, the Civil Petition for Leave to Appeal is dismissed as barred by limitation.**

তদপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (১) মোঃ আতাউর রহমান, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) (২) মোঃ নজরুল ইসলাম শাহ, (প্রভাষক দর্শন) ফেব্রুয়ারী/২০১৩ ইং এবং (৩) মুহাঃ মাসুদুর রহমান, প্রভাষক (সমাজবিজ্ঞান)-কে মে/২০১৩ ইং তারিখ থেকে এমপিও ভুক্ত করা হয়।

উক্ত রিট পিটিশনের রায়ের আলোকে এক সাথে ১৭ জন শিক্ষকের বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত হয়। এখানে উল্লেখ্য যে, ১৭

জন শিক্ষকের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়, শাখা-১৩ হতে গত ০৭/০৭/২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৮.০০১(বকেয়া)২০১২.২৭১ নং স্মারকে ৯ জন শিক্ষককে যোগদানের তারিখ থেকে বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদান করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয় এবং পরবর্তীতে বকেয়া প্রাপ্ত হন।

রিট পিটিশন নং-৯৩৪৭/২০১০ তারিখ ১৩/০৩/২০১১ ইং রায়ের আলোকে বাকি ৮ জনের মধ্যে তিন জনের চাকুরীর ধারাবাহিকতা বজায় রাখা, পদোন্নতি ও জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্তে যোগদানের তারিখ থেকে বেতন ভাতা প্রাপ্ত হননি। এতে চাকুরীর ধারাবাহিকতা বজায় রাখা না হলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় এবং পূর্বের ধারাবাহিকতায় মহকুতপুর খানপুর ডিগ্রী কলেজ, মোহনপুর, রাজশাহী-এর নিয়োগ প্রাপ্ত (১) মোঃ আতাউর রহমান, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), (২) মোঃ নজরুল ইসলাম শাহ, (প্রভাষক দর্শন) ও (৩) মুহাঃ মাসদুর রহমান, প্রভাষক (সমাজবিজ্ঞান) ০৩ (তিন) জন শিক্ষককে আদালতের রায় অনুযায়ী বকেয়া বেতন ভাতাদি প্রদান/পরিশোধের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও প্রদান সংক্রান্ত গঠিত চূড়ান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২-৮-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: [info@moedu.gov.bd](mailto:info@moedu.gov.bd)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৭১/১(৭)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) অধ্যক্ষ, .....
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২-৮-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব